দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
জয়নগর,চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।
ISO 9001:2015 Certified

মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮
ই-মেইল-dpbstwo@gmail.com
ওয়েব সাইট- www.pbs2.dinajpur.gov.bd

স্মারক নং- ২৭.১২.২৭৩৮.৫৪৪.০১.০০৮.২৫. ৩৭৫৫

তারিখঃ ১৩ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

# " পূনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি (কনডেমকৃত মোটর সাইকেল)"

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত কনডেম ঘোষিত মোটর সাইকেলসমূহ "যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায়" বিক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা উল্লেখ পূর্বক স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে পূনঃ নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। যানবাহনের বিবরণ নিম্নরুপ।

| ক্রমিক নং | মোটর সাইকেল এর বিবরণ | পরিমাণ | উদ্ধৃত একক মূল্য (টাকা) | উদ্ধৃত মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১. | মোটর সাইকেল, রেজিঃ নং-দিনাজপুর হ-১৪-৫৭৩৪<br>ব্রান্ড ও মডেলঃ জংশেন, সিসিঃ ১২৫<br>ইঞ্জিন নং- ZS158FM128FA00722<br>চেসিস নং LZSPCJLB5F5211049 | ০১ টি | | |

দরপত্র প্রদানের স্থান ও সময়

| | | |
|---|---|---|
| ০১। | নিলাম দরপত্র জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময় | ০৪/০৮/২০২৫ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১:৩০ ঘটিকা পর্যন্ত |
| ০২। | নিলাম দরপত্র জমা দেয়ার স্থান | দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, জয়নগর, চন্ডিপুর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। |
| ০৩। | নিলাম দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ০৪/০৮/২০২৫ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১:৩৫ ঘটিকায় দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, জয়নগর, চন্ডিপুর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। |

শর্তাবলীঃ

০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে সীলমোহরকৃত নিলাম দরপত্র দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাবে না। দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে **"দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কনডেমকৃত মোটর সাইকেল এর পূনঃ নিলাম দরপত্র"** কথাটি উল্লেখ করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না। অনিবার্য কারণবশতঃ দরপত্র গ্রহণের তারিখে বন্ধ ঘোষণা হলে পরবর্তী কার্যদিবসের নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র গ্রহণ করা যাবে। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। বর্ণিত মালামাল ক্রয়ের লক্ষ্যে উদ্ধৃত মোট দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে আর্নেষ্ট মানি হিসেবে জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন সিডিউলভূক্ত তফসিলি ব্যাংক থেকে পে অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সঙ্গে অবশ্যই জমা দিতে হবে। আর্নেষ্ট মানি ছাড়া দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৩। নিলামে অংশগ্রহণকারীগণের মধ্যে সর্বোচ্চ দরদাতা নিলামকৃত মালামাল পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে। তবে বাপবিবোর্ড কর্তৃক অনুমোদিত নিলাম মুল্যের চেয়ে কম মূল্য দাখিল করলে দরপত্র অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

০৪। বর্ণিত মোটর সাইকেল আগামী ০৩/০৮/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর-এ পরিদর্শন করা যাবে।

০৫। কৃতকার্য নিলাম দরদাতা দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং সর্বমোট দাখিলকৃত নিলাম মূল্যের উপর নিয়মানুযায়ী সরকারী নির্ধারিত হারে ভ্যাট ও উৎসকর নগদ/ব্যাংক ড্রাফট আকারে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর এর অনুকূলে পরিশোধ করে মালামাল গ্রহণ

করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ জমা পূর্বক মালামাল গ্রহণে ব্যর্থ হতে কোন কারণ দর্শানো ছাড়াই আনেষ্ট মানি বাজেয়াপ্ত করা হবে এবং নিলামের কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।

০৬। মোটর সাইকেল এর বিপরীতে দর উল্লেখ পূর্বক নিরাপত্তা জামানত (পে অর্ডার/ব্যাংক ড্রাফট) প্রদান করতে হবে। মোটর সাইকেল এর বিপরীতে প্রাপ্ত সর্বোচ্চ দরদাতার অনুকূলে বিক্রয়াদেশ প্রদান করা হবে।

০৭। নির্দিষ্ট সময়ের মধ্যে নিলামকৃত মোটর সাইকেল গ্রহণে ব্যর্থ হলে জমাকৃত আর্নেষ্ট মানি সমিতির অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং বিক্রয়াদেশ বাতিল করা হবে। অকৃতকার্য নিলাম দরদাতাগণের আর্নেষ্ট মানি নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

০৮। যেখানে যে অবস্থায় গাড়ী রয়েছে তা গাড়ী হস্তান্তরের তারিখ হতে ৩ মাসের মধ্যে গাড়ীর মালিকানা পরিবর্তন করতে হবে। নতুবা পরবর্তীতে গাড়ীর মালিকানা সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হলে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ তার দায় বহন করবে না।

০৯। উক্ত নিলাম বিজ্ঞপ্তি শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে সমস্যার উদ্ভব হলে সে ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। সমিতির কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দর গ্রহণ/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(প্রকৌঃ মোঃ সাদেকুর রহমান)
জেনারেল ম্যানেজার।

<u>অনুলিপিঃ</u> নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ সহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

অনুলিপিঃ- (নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য) সদয় অবগতির জন্য।

১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ।
২। পরিচালক (কারিগরি), আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৩। জেলা প্রশাসক, দিনাজপুর ।
৪। পুলিশ সুপার, দিনাজপুর ।
৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, দিনাজপুর ।
৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ........................ পল্লী বিদ্যুৎ সমিতি -১/২/৩/৪ ।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর।
৮। নির্বাহী প্রকৌশলী, জেলা সড়ক ও জনপথ বিভাগ, দিনাজপুর।
৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা..................., দিনাজপুর।
১০। ডিজিএম, কারিগরি/ ঘোড়াঘাট/পার্বতীপুর/নবাবগঞ্জ জোনাল অফিস, দিপবিস-২।
১১। এজিএম (অর্থ-হিসাব), দিনাজপুর পবিস-২।
১২। সহকারী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর।
১৩। মেসার্স-------------------------------------------- ।
১৪। ওয়েব সাইট/নোটিশ বোর্ড, সদর দপ্তর , দিনাজপুর ।
১৫। অফিস কপি/মাস্টার কপি।

(প্রকৌঃ মোঃ সাদেকুর রহমান)
জেনারেল ম্যানেজার।